



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “পদ্মা বহুমুখী সেতু ফুটবল টুর্নামেন্ট-২০২২” এর উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ জুলাই ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে “পদ্মা বহুমুখী সেতু ফুটবল টুর্নামেন্ট-২০২২”। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হল এ টুর্নামেন্টের আয়োজন করে। ২৫ জুলাই ২০২২ তারিখ বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন ও বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়ান সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানসহ শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। “পদ্মা বহুমুখী সেতু ফুটবল টুর্নামেন্ট-২০২২” এ শেরে বাংলা হলের শিক্ষার্থীরা ৪টি দলে বিভক্ত হয়ে অংশগ্রহণ করবেন। দলগুলো হচ্ছে বিজয় একাত্তর, স্বাধীন বাংলা ফুটবল, বঙ্গবন্ধু স্যাটালাইট এবং ওরা এগারো জন। আগামী ৩১ জুলাই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস